# লিগ্যাল এইড ( আইনি সহায়তা বিভাগ) কর্তৃক জাতিগত সমতা প্রচার সংক্রান্ত বিদ্যমান ও পরিকল্পিত পদক্ষেপসমূহ

হংকং-য়ে, জাতি বা আবাসন [রেসিডেন্সি] নির্বিশেষে প্রত্যেক ব্যক্তিই আইনি সহায়তা গ্রহণের অধিকারী হয় যদি সে আর্থিক সংগতি এবং যোগ্যতার পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হয়ে থাকে।

লিগ্যাল এইড ডিপার্টমেন্ট বা আইনি সহায়তা বিভাগ (এল এ ডি) আবেদনকারী/সহায়তাপ্রাপ্ত ভিন্ন ভিন্ন জাতির ব্যক্তিদেরকে আইনি সহায়তা পরিষেবা প্রদানকালে তাদের সাহায্যার্থে নিম্নলিখিত কার্যক্রমাদি গ্রহণ করেছে/পরিকল্পনা করেছে:

## ক। আইনি সহায়তা পরিষেবাগুলি বিষয়ে পুস্তিকাদি

| | |
|---|---|
| বিদ্যমান পদক্ষেপ | • আইনি সহায়তা বিভাগ (এল এ ডি) বাংলা, হিন্দি, ইন্দোনেশিয়ান, নেপালি, তাগালগ, পাঞ্জাবী, তামিল, থাই, উর্দু এবং ভিয়েতনামী সহ ১০ টি ভাষায় আইনি সহায়তা বিষয়ে একটি প্রচারপত্রমালা [সিরিজ] প্রকাশ করেছে।<br><br>• এই প্রচার পত্রগুলোসহ অন্যান্য প্রচারপত্রগুলি আইনি সহায়তা বিভাগের কার্যালয়গুলিতে পাওয়া যায় অথবা এগুলিকে আইনি সহায়তা বিভাগের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেওয়া যায়।<br><br>• এগুলি আরও পাওয়া যায় সংশ্লিষ্ট দূতাবাসগুলির কার্যালয়ে, প্রতিনিধিহীন মোকদ্দমাকারীদের জন্য বিচার বিভাগের সংস্থান কেন্দ্রে [জুডিশিয়ারি-র রিসোর্স সেন্টারে], প্রতিনিধিহীন মোকদ্দমাকারীদের জন্য দেওয়ানি কার্যবিধি বিষয়ে লিগ্যাল এডভাইস স্কীম বা আইনি পরামর্শ প্রকল্প (কার্যবিধি বিষয়ে পরামর্শ প্রকল্প)-র কার্যালয়ে, থানাগুলিতে, জনসাধারণের জন্য স্বরাষ্ট্র বিভাগের যে অনুসন্ধান জিজ্ঞাসা সেবা কেন্দ্রগুলি আছে সেখানে, শ্রম বিভাগের প্রাঙ্গণে এবং সমাজ কল্যাণ বিভাগে।<br><br>• বিভিন্ন জাতির সম্ভাব্য আবেদনকারীদের জন্য আইনি সহায়তা সেবার মান উন্নত করার লক্ষ্যে একটি গ্রাহক সেবা উদ্যোগ হিসেবে, উপরে উল্লেখিত ১০টি ভাষায় একটি পোস্টার ডিজাইন করা হয়েছে এবং প্রদর্শিত হয়েছে, যাতে ইংরেজি বা চীনা ভাষায় কথা বলতে না পারা সম্ভাব্য আবেদনকারীদের ফ্রি অনুবাদ সেবার প্রাপ্যতা সম্পর্কে সচেতন করা যায় এবং তাদের আবেদন প্রক্রিয়ায় সহায়তা করা যায়।<br><br>• তথ্যের জন্য বিভিন্ন জাতির ব্যক্তিগণ পোস্টার দেখে নিতে পারেন অথবা আইনি সহায়তা বিভাগের ওয়েবসাইটে সেবা বিষয়ক প্রচারপত্রসমূহ ডাউনলোড করতে পারেন। |

| | |
|---|---|
| ভবিষ্যৎ কার্যক্রমের মূল্যায়ন | • সার্বিক উন্নয়নের জন্য আইনি সহায়তা সেবার প্রচারের নিমিত্তে প্রচারণা কর্মসূচির কার্যকারিতার মতামত প্রতিক্রিয়া ক্রমাগত পর্যালোচনা করা হবে।<br>• সেবাগুলোর ক্রমাগত উন্নয়নের লক্ষ্যে ভিন্ন ভিন্ন জাতির মানুষের আইনি সহায়তা বিভাগের সেবাসমূহের বিষয়ে বিভিন্ন মতামত এবং পরামর্শ সংগ্রহ করা হবে এবং তা বিবেচনা করে দেখা হবে। |

**খ। আইনি সহায়তার (লিগ্যাল এইড) আবেদন করার জন্য দোভাষীর পরিষেবা**

| | |
|---|---|
| বিদ্যমান পদক্ষেপ | • জাতি বা আবাসন [রেসিডেন্সি] নির্বিশেষে প্রত্যেক ব্যক্তিই আইনি সহায়তা গ্রহণের অধিকারী হয় যদি সে আর্থিক সংগতি এবং যোগ্যতার পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হয়ে থাকে।<br>• আবেদনকারীরা যারা ইংরেজী ভাষায় বা চাইনিজ ভাষায় কথা বলতে পারেন না তাদেরকে আবেদন প্রক্রিয়াতে সহায়তা করার জন্য আইনি সহায়তা বিভাগ (এল এ ডি) বিনা খরচে দোভাষীর সেবা প্রদানের ব্যবস্থা করবে।<br>• আবেদনকারী যারা আর্থিক সংগতি ও যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হন, তাদের উচ্চ আলাদতের রেজিস্ট্রারের নিকট আপিল করার অধিকার রয়েছে। আইনি সহায়তা বিভাগ আবেদনকারীগণকে / আপিলকারীগণকে আপিলের নোটিশ দাখিল করতে, আপিলের জন্য একটি তারিখ নির্ধারণ করতে এবং ইংরেজী ভাষা বা চাইনিজ ভাষায় কথা বলতে পারেনা এমন আবেদনকারীদের/ আপিলকারীদের আপিল শুনানিতে বিনা খরচে একজন দোভাষী সেবার ব্যবস্থার জন্য বিচার বিভাগকে অবহিত করতে সহায়তা করবে।<br>• আবেদনকারীগণ যারা ইংরেজী ভাষায় বা চাইনিজ ভাষায় কথা বলতে পারেন না তাদের আবেদন প্রক্রিয়াতে সহায়তা করার জন্য বিনা খরচে দোভাষীর সেবা পাওয়া যায় সে বিষয়ে তাদেরকে সচেতন করবার লক্ষ্যে উপরে উল্লিখিত ১০ টি ভাষায় একটি পোস্টার তৈরি করা হয়েছে এবং তা প্রদর্শনের জন্য রাখা হয়েছে।<br>• সম্মুখ সারির কর্মীদের বিভিন্ন জাতির আবেদনকারীদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপনের নিমিত্তে উপরে উল্লিখিত ১০ টি ভাষা সম্বলিত একটি তাৎক্ষণিক অনুবাদ প্রোগ্রাম তাদের ওয়ার্কস্টেশনে ইনস্টল করা হয়েছে। |
| ভবিষ্যৎ কার্যক্রমের মূল্যায়ন | • আইনি সহায়তার আবেদনকারীগণের থেকে প্রতিক্রিয়া মতামত সংগ্রহ করা হবে এবং পরিষেবাগুলির ক্রমাগত উন্নতি সাধনের লক্ষ্যে বিবেচনা করা হবে। |

## গ। আইনি সহায়তা কার্যক্রমে ভাষান্তর পরিষেবা

| | | |
|---|---|---|
| বিদ্যমান পদক্ষেপ | • | যখন ভিন্ন জাতির ব্যক্তিবর্গের মামলা রুজু অথবা আত্মপক্ষ সমর্থনে আদালতের কার্যক্রমাদির ক্ষেত্রে আইনি সহায়তা অনুমোদিত হয়, তখন মামলাটির যথাযথ পরিচালনার লক্ষ্যে দোভাষী এবং অনুবাদনা সেবা বাবদ যুক্তিসঙ্গগতভাবে যে খরচপাতি দায়িত্বপ্রাপ্ত আইনজীবীগণ করছেন তা আইনি সহায়তা বিভাগ মামলা-মোকদ্দমা সম্পর্কীয় ব্যয় হিসেবে অগ্রিম প্রদান করে দেবে। |
| ভবিষ্যৎ কার্যক্রমের মূল্যায়ন | • | পরিষেবাদির ক্রমাগত উন্নতি সাধনের লক্ষ্যে ভিন্ন ভিন্ন জাতির সহায়তাপ্রাপ্ত ব্যক্তিগণের থেকে প্রতিক্রিয়া মতামত সংগ্রহ করা হবে এবং বিবেচনা করে দেখা হবে। |

## ঘ। আইনি সহায়তা বিভাগের কর্মচারীগণের জন্য প্রশিক্ষণ

| | | |
|---|---|---|
| বিদ্যমান পদক্ষেপ | • | এল এ ডি- এর কর্মচারীদের জাতি বৈষম্য বিষয়ক অধ্যাদেশ (আর ডি ও) এবং জাতিগত সমতা প্রচার (নির্দেশনাবলী) সম্পর্কিত প্রশাসনিক নির্দেশনাবলীর বিষয়ে বোঝাপড়া ও সচেতনতা বৃদ্ধিতে, ইক্যুয়াল অপরচুনিটিজ কমিশন আর ডি ও-এর নীতিমালা এবং নির্দেশনাবলী এবং শেয়ারকৃত মামলাদির বিষয়ে আলোচনা সভা আয়োজন করে এবং বক্তব্য প্রদান করে। উক্ত আলোচনাতে এল এ ডি এর কর্মচারীসহ পেশাদার অফিসারগণ, আইন বিষয়ক কেরানিবৃন্দ এবং সম্মুখ সারির কেরানিবৃন্দ উপস্থিত ছিলেন। |
| | • | প্রশিক্ষণের উপকরণসমূহ আইনি বিভাগের পোর্টালে আপলোড করা হয় কর্মচারীদের সুবিধার্থে। |
| **ভবিষ্যৎ কার্যক্রমের মূল্যায়ন** | • | এল এ ডি তাদের কর্মচারীদের উদ্দেশ্যে বিশেষ করে সম্মুখ সারির সদস্যদের আর ডি ও-সম্পর্কে বোঝাপড়া সহজতর করতে এবং নির্দেশনাবলী সম্পর্কে তাদের সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যধারার আয়োজন করবে। |
| | • | এল এ ডি তাদের কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণ কার্যধারা আয়োজনের লক্ষ্যে আবেদনকারী/সহায়তাপ্রাপ্ত ব্যক্তিদের থেকে মতামত এবং পরামর্শসমূহ সংগ্রহ করবে এবং বিশ্লেষণ করবে। |
| | • | এল এ ডি তাদের প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী কর্মচারীদের হতেও মতামত সংগ্রহ করবে এবং তাদের পরামর্শ প্রদানে আমন্ত্রণ জানাবে যাতে তাদের আর ড ও এবং নির্দেশনাবলী সম্পর্কে ধারণা বৃদ্ধি পায়। |

**ঙ। সার্বজনিক অনুসন্ধান / অভিযোগ**

এল এ ডি সেবা বিষয়ক অনুসন্ধান এবং অভিযোগসমূহ পরিচালনার জন্য বিভাগটির একটি সুপ্রতিষ্ঠিত ব্যবস্থা রয়েছে। আইনি সহায়তার আবেদনকারীগণ, সহায়তাপ্রাপ্ত ব্যক্তিগণ অথবা দায়িত্বপ্রাপ্ত উকিলগণসহ যে কোনও ব্যক্তি যিনিই কোনও অনুসন্ধান/অভিযোগ করতে ইচ্ছুক, তিনিই যোগাযোগ করতে পারেন বিভাগটির গ্রাহক পরিষেবা কর্মকর্তাবৃন্দের সাথে যাদের নাম এবং টেলিফোন নম্বরগুলি প্রদর্শিত হচ্ছে বিভাগের কার্যালয়ে প্রাঙ্গনে এবং বিভাগের ওয়েবসাইটে। এছাড়াও অনুসন্ধানকারীগণ/ অভিযোগকারীগণ যোগাযোগ করতে পারেন বিভাগ বা বিভাগীয় অভিযোগ বিষয়ক কর্মকর্তা [ডিপার্টমেন্টাল কমপ্লেইন্টস অফিসার] এর সাথে ফোন/ডাক [পোস্ট]/ফ্যাক্স/ই-মেইলের মাধ্যমে নিচের তথ্যানুযায়ী :

ডাকযোগে: এটিটিএন: মিস এমি ইক

ডিপার্টমেন্টাল কমপ্লেইন্টস অফিসার

লিগ্যাল এইড ডিপার্টমেন্ট

২৭/এফ, কুইন্সওয়ে গভর্মেন্ট অফিসেস

৬৬ কুইন্সওয়ে,

হংকং

টেলিফোনের মাধ্যমেঃ (৮৫২) ২৮৬৭ ৩১৭১

ফ্যাক্সের মাধ্যমেঃ (৮৫২) ২৮৬৯ ০৫২৫

ই-মেইলের মাধ্যমেঃladinfo @lad.gov.hk

বিভিন্ন জাতিবর্গের ব্যক্তিগণ যারা ইংরেজি বা চাইনিজ ভাষায় কথা বলতে পারেন না তারা তাদের অনুসন্ধান বা অভিযোগ করতে বিনা খরচে দোভাষীর সেবার জন্য ডিপার্টমেন্টাল কমপ্লেইন্টস অফিসারের সাথে যোগাযোগ করতে পারেন।

এছাড়া অধিদপ্তরটি একটি গ্রাহক সেবার মান [কাস্টমার সার্ভিস স্ট্যান্ডার্স] এর প্রচারপত্র প্রকাশ করেছে যাতে আইনি সহায়তা (লিগ্যাল এইড) সেবার ব্যবহারকারীগণকে প্রদত্ত সেবা বিষয়ে অনুসন্ধান করার/অভিযোগ দায়ের করার বিভিন্ন উপায় এবং পদ্ধতি সম্পর্কে অবহিত করা হয়। প্রচারপত্রটি জনসাধারণকে বিতরণের জন্য বিদ্যমান রয়েছে এবং বিভাগটির ওয়েবপেজে সেটি আপলোড করা আছে।

বর্ণগত সাম্যের প্রচার সম্পর্কিত বিদ্যমান ও পরিকল্পিত ব্যবস্থা সম্পর্কে অনুসন্ধানের জন্য দয়া করে বিভাগীয় অভিযোগ কর্মকর্তার সাথে যোগাযোগ করুন।

**আইনি সহায়তা বিভাগ (লিগ্যাল এইড)**

**জুন ২০২৪**